# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
**মানিলন্ডারিং প্রতিরোধ সেল**
dcamlco@krishibank.org.bd;Phone: 02-47120513


প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২১-২২/৩০৪০ তাং- ১১-০৪-২০২২

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন বিষয়ক কাজে আর্থিক সুবিধা প্রদান প্রসংগে।**

গত ১৭-০২-২০২২ইং তারিখে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট প্রধানের সংগে রাষ্ট্রীয় মালিকানাধীন ৬ টি ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভায় প্রদত্ত নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া আবশ্যিকভাবে বাস্তবায়নের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। এ নির্দেশনা সুষ্ঠুভাবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে বিকেবি প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের পত্র নং - প্রকা/শানিব্যউবি-১ (২৭) অংশ-২ /২০১৩- ২০১৪/ ৬৪২ ; তাং-২০-১০-২০১৩ এ প্রদত্ত নির্দেশনা অনুসরনপূর্বক মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে **শুধুমাত্র এতদসংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনের লক্ষ্যে** নিম্নোক্ত হারে ভাতা প্রদানের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে-

- **শুক্র ও শনিবারসহ অন্যান্য ছুটির দিনে সিবিএস এ গ্রাহকের মৌলিক তথ্য হালনাগাদকরন বিষয়ক কর্মসম্পাদনে নিয়োজিত কর্মকর্তাগনকে জনপ্রতি দৈনিক ৪০০ টাকা ও কর্মচারীগনকে ৩০০ টাকা ভাতা প্রদান।**

০২। নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে উল্লেখিত ভাতাদি প্রাপ্তির ক্ষেত্রে নিম্নেবর্নিত শর্তাদি আবশ্যিকভাবে পালনীয় হবে-

২.১. প্রতিটি মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে শাখাসমূহ কে ও কর্পোরেট শাখা ব্যবস্থাপক হতে শাখায় এতদসংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সাপ্তাহিক ভিত্তিতে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা বেধে দিতে হবে এবং ভাতা প্রাপ্তির ক্ষেত্রে প্রদত্ত লক্ষ্যমাত্রা আবশ্যিকভাবে অর্জন করতে হবে।

২.২. মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ হতে লক্ষ্যমাত্রা এমন ভাবে নির্ধারন করে দিতে হবে যাতে নির্দিষ্ট সময়সীমা অর্থাৎ ৩০/০৬/২০২২ইং শেষে অঞ্চল/কর্পোরেট শাখা ভিত্তিক অর্জনের হার ১০০% হয়।

২.৩. উল্লেখিত শর্তাদি পরিপালনের ব্যর্থতায় ভাতা প্রদানের যাবতীয় আর্থিক দায় সংশ্লিষ্ট আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ কর্পোরেট শাখা ব্যবস্থাপক এর উপর অর্পিত হবে।

২.৪. সেই সাথে প্রতিটি শাখা ব্যবস্থাপককে নির্দিষ্ট সময়সীমা (সাপ্তাহিক টার্গেট অর্জন) শেষে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া ১০০% সম্পাদনের প্রত্যয়ন পত্র প্রদান করে উক্ত ভাতার অর্থ গ্রহন করতে হবে।

২.৫. প্রাপ্য আর্থিক সুবিধা ব্যাংকের ১৩৩/৩৬ (বিবিধ খাত) হিসাব খাত বিয়োজন করে প্রদান করতে হবে।

**২.৬. অত্র আদেশ পত্র জারির তারিখ থেকে কার্যকর হবে এবং ৩০/০৬/২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।**

২.৭. গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে কোন ধরনের ভুল /মিথ্যা তথ্য অর্ন্তভুক্তির দায় কর্পোরেট শাখা ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের এর উপর বর্তাবে।

০৩। **বিষয়টি অতীব জরুরী এবং সংশ্লিষ্ট সকলকে গুরত্বের সহিত গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন করার কাজটি সম্পাদন করার নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এ বিষয়ে সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকগনের ব্যক্তিগত উদ্যোগ কামনা করা যাচ্ছে।**

১১/০৪/২০২২
(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা
০৩।স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা ।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

১১/০৪/২০২২
(মোঃ আবতার হোসেন)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)